গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৪ শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' এবং '২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচি গ্রহণের নিমিত্ত অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ হুমায়ুন কবীর, সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৯ মার্চ ২০২২ |
| সময় | : | বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা |

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/বাজেট ও পরিবীক্ষণ/অডিট ও আইসিটি/প্রশাসন), যুগ্মসচিব (প্রশাসন/বাজেট/অডিট ও আইসিটি), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/আরএস/অপারেশন/এমএন্ডসিপি), রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৪), সচিবের একান্ত সচিব (উপসচিব), বাংলাদেশ রেলওয়ের ডিআরএম (ঢাকা) ও মহাপরিচালকের একান্ত সচিব উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, প্রতিবছর '১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' হিসেবে উদযাপিত হয়। তিনি '২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপনের বিষয়টিও উপস্থাপন করেন। তিনি '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' ও '২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপন করতে হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৪)-কে অনুরোধ জানান।

২.১। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় সভায় বলেন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ১৭.০১.২০২২ তারিখে '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। অন্যদিকে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ১৭.০১.২০২২ তারিখে '২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত ২টি আন্ত:মন্ত্রণালয় সভায় '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' ও '২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। তিনি প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন।

২.২। বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক এবং রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' ও '২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচি গ্রহণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**(ক) '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচি:**

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **পুষ্পস্তবক অর্পন:**<br>রেলভবনস্থ ২য় তলার করিডোরে আগামী ১৭ মার্চ ২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | রেলভবনস্থ ২য় তলার করিডোরে আগামী ১৭ মার্চ ২০২২ তারিখ সকাল ১০:০০ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত সচিব (প্র:) রেলপথ মন্ত্রণালয়;<br>৩. সরকারি রেল পরিদর্শক জিআইবিআর। |
| ২ | **জাতীয় শিশু দিবস-এর প্রতিপাদ্য**<br>'১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' এর প্রতিপাদ্য<br>"বঙ্গবন্ধুর জন্মদিনের অঙ্গীকার<br>সকল শিশুর সমান অধিকার"<br>সকলকে অবহিত করার বিষয়টি সভায় আলোচনা হয়। | (ক) 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' এর প্রতিপাদ্য "বঙ্গবন্ধুর জন্মদিনের অঙ্গীকার, সকল শিশুর সমান অধিকার" সকলকে অবহিতকরণ;<br>(খ) দিবসের প্রতিপাদ্য বিষয় উল্লেখ করে ২(দুই) এক্স-স্ট্যান্ড ব্যানার প্রস্তুতপূর্বক রেলভবনস্থ ২য় তলার করিডোরে স্থাপন। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত সচিব (প্র:) রেলপথ মন্ত্রণালয়;<br>৩. সরকারি রেল পরিদর্শক জিআইবিআর। |
| ৩ | **রেলওয়ে স্থাপনা আলোকসজ্জাকরণ:**<br>'১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকাস্থ রেলভবন, সিআরবি (চট্টগ্রাম) এবং ঢাকা (কমলাপুর), ঢাকা বিমানবন্দর, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী রেল স্টেশনসমূহ আলোকসজ্জা করার বিষয়ে আলোচনা হয়। | ঢাকাস্থ রেলভবন, সিআরবি (চট্টগ্রাম) এবং ঢাকা (কমলাপুর), ঢাকা বিমানবন্দর, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী রেল স্টেশনসমূহ আলোকসজ্জাকরণ। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৪ | **আলোচনা সভা, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজন:**<br>'১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা-প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি বজায় রেখে আলোচনা সভা, চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান করার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা-প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি বজায় রেখে আলোচনা সভা, চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা:** '১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা আয়োজন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |

**(খ) '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের কর্মসূচি:**

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **পতাকা উত্তোলন:** ফ্ল্যাগ রুলস অনুসরণে বাংলাদেশ রেলওয়ের সকল অফিস, স্টেশন, ওয়ার্কশপ, রেলওয়ের সকল শিক্ষা-প্রতিষ্ঠান এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরে জাতীয় পতাকা উত্তোলন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ফ্ল্যাগ রুলস অনুসরণে বাংলাদেশ রেলওয়ের সকল অফিস, স্টেশন, ওয়ার্কশপ, রেলওয়ের সকল শিক্ষা-প্রতিষ্ঠান এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরে জাতীয় পতাকা উত্তোলন। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; ২. সরকারি রেল পরিদর্শক, জিআইবিআর। |
| ২ | **রেলওয়ে স্থাপনা আলোকসজ্জাকরণ:** '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকাস্থ রেলভবন, সিআরবি (চট্টগ্রাম) এবং ঢাকা (কমলাপুর), ঢাকা বিমানবন্দর, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী রেল স্টেশনসমূহ আলোকসজ্জা করার বিষয়ে আলোচনা হয়। | ২৬ মার্চ ২০২২ তারিখ সন্ধ্যা থেকে ঢাকাস্থ রেলভবন, সিআরবি (চট্টগ্রাম) এবং ঢাকা (কমলাপুর), ঢাকা বিমানবন্দর, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী রেল স্টেশনসমূহ আলোকসজ্জাকরণ **(কোনক্রমেই ২৫.০৩.২০২২ তারিখ আলোক সজ্জা করা যাবে না)**। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৩ | **বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা:** '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ দোয়া ও মোনাজাত/ প্রার্থনা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ দোয়া ও মোনাজাত/প্রার্থনা আয়োজন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ৪ | **হাসপাতালে বিশেষ খাবার পরিবেশন:** '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের নিন্ত্রণাধীন হাসপাতালসমূহে বিশেষ খাবার পরিবেশনের বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের নিন্ত্রণাধীন হাসপাতালসমূহে বিশেষ খাবার পরিবেশন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৩.২০২২

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়

নং- ৫৪.০০.০০০০.০৩৯.২৩.০১৬.১৯(অ-১)- ১৫৭

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৮ / ১০ মার্চ ২০২২

বিতরণ- (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুলভবন, ঢাকা।
২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, গুলশান-২, ঢাকা।
৬. অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৮. সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৯. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মীর আলমগীর হোসেন)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১১